ফাতওয়া নাম্বার:২৬৪ প্রকাশকালঃ১৮-০৭-২০২১ ইং

কলপ লাগানোর কারণে ওযু-গোসলে কি কোনো সমস্যা হবে?

প্রশ্ন:

আজকাল অল্প বয়সেই অনেকের চুল পেকে যায়। অনেকে আবার বয়স লুকানোর জন্য চুলে কলপ ব্যবহার করেন। কেউ কেউ স্ত্রীকে খুশি করার জন্য কলপ ব্যবহার করেন। আমার জানার বিষয় হল, কেউ যদি স্ত্রীকে খুশি করার জন্য বাজারে পাওয়া যায় এমন কোনো কলপ ব্যবহার করেন তাহলে তাতে কি তার ওযু-গোসলে কোনো সমস্যা হবে?

প্রশ্নকারী- রুহবানাহ খাতুন

উত্তর:

কলপ ধুয়ে ফেলার পর যে রং থেকে যায়, তাতে ওযু-গোসলে কোনো সমস্যা হবে না। কেননা, এ রং অঙ্গে পানি পৌঁছার ক্ষেত্রে প্রতিবন্ধক নয়। -আলবাহরুর রায়িক: ১/২৯, রদ্দুল মুহতার: ১/১৫৪

উল্লেখ্য, কালো খেজাব লাগাতে হাদীসে নিষেধ এসেছে। অবশ্য বয়স হওয়ার আগেই অসুস্থতা বা অন্য কোনো কারণে কারও চুল পেকে গেলে তার জন্য কালো খেযাব লাগানোর অনুমতি আছে। তবে এক্ষেত্রেও উত্তম হল, কালো রংয়ের সঙ্গে সামান্য মেহেদির রং মিশ্রিত করে নেয়া। আর যখন থেকে মানুষের স্বাভাবিক চুল পাকা শুরু হয়, তখন থেকে চুলে কালো রং ব্যবহার করা জায়েয নয়। হ্যাঁ, জিহাদে শত্রুর মাঝে ভীতি সঞ্চারের উদ্দেশ্যে মুজাহিদদের জন্য এবয়সেও কালো খেজাব ব্যবহার করা জায়েয। -যাদুল মাআদ, মুআসসাসাতুর রিসালাহ:

৪/৩৩৭; রদ্দুল মুহতার, দারুল ফিকর: ৬/৭৫৬; তাকমিলাতু ফাতহিল মুলহিম, দারু ইহইয়ায়িত তুরাসিল আরাবি: ৪/১২৯-১৩০

আরো দেখুন:

ফতোয়া নং ২২০. লাল বা হলুদ খেজাব ব্যবহার করার হুকুম কী? (এখানে ক্লিক করুন)

ফতোয়া নং ৬১. বয়সের আগে চুল সাদা হয়ে গেলে কি কালো কলপ দেয়া যাবে?(এখানে ক্লিক করুন)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৮-১১-১৪৪৩ হি.

২৯-০৬-২০২২ ঈ.